# সাবেক এমপি আক্তারুজ্জামানের তিন দিনের রিমান্ড



সাবেক এমপি আক্তারুজ্জামান। ছবি: সংগৃহীত

সন্ত্রাসবিরোধী আইনে করা মামলায় গাজীপুর-৫ আসনের সাবেক সংসদ সদস্য ও নিষিদ্ধ আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক আক্তারুজ্জামানের তিন দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত।

সোমবার (১০ আগস্ট) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলাম শুনানি শেষে এ আদেশ দেন।

এর আগে গত ৫ আগস্ট রাতে রাজধানীর গুলশানের একটি বাসা থেকে আক্তারুজ্জামানকে গ্রেপ্তার করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। পরদিন তাকে আদালতে হাজির করে মামলার তদন্তকারী কর্মকর্তা জিজ্ঞাসাবাদের জন্য সাত দিনের রিমান্ড আবেদন করেন।

তবে সেদিন আদালত তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন এবং রিমান্ড আবেদনের শুনানির জন্য ১০ আগস্ট তারিখ নির্ধারণ করেন।

মামলাটি রাজধানীর তেজগাঁও শিল্পাঞ্চল থানায় সন্ত্রাসবিরোধী আইনে দায়ের করা হয়েছে। মামলার এজাহারে বলা হয়, গত ১৮ জুন মহাখালী বাস টার্মিনালের কাছে একটি ইউটার্ন এলাকায় নিষিদ্ধ ছাত্রলীগ, আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের কয়েকজন নেতাকর্মী মিছিল করেন। মিছিল থেকে আওয়ামী লীগের ওপর নিষেধাজ্ঞা প্রত্যাহারসহ বিভিন্ন দাবিতে স্লোগান দেওয়া হয়। এ সময় ককটেল বিস্ফোরণের ঘটনাও ঘটে বলে মামলার অভিযোগে উল্লেখ করা হয়েছে।

LENS ASIA